

নান্দাইলে এসএসসি পরীক্ষা আগে উত্তরপত্র নেয়ায় তদন্ত কমিটি গঠিত ১৪ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি

■ নান্দাইল (ময়মনসিংহ) সংবাদদাতা
চলতি এসএসসি পরীক্ষায় ময়মনসিংহের নান্দাইল পাইলট উচ্চ বাসিকা বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্রে ১৯ ফেব্রুয়ারি অনুষ্ঠিত পরীক্ষায় উত্তরপত্র নির্ধারিত সময়ের আগে কেন্দ্র পরিদর্শকরা টেনে নিয়ে যাওয়ার ঘটনায় ৭ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। নান্দাইল পাইলট উচ্চ বাসিকা বিদ্যালয় ও চত্বীপাশা সরকারি উচ্চ বিদ্যালয়ের অভিমুখে ১৪জন শিক্ষককে পরীক্ষা কেন্দ্রের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

নান্দাইল উপজেলা বাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আকামুর রহমান ভূঁইয়াকে প্রধান করে এই তদন্ত কমিটি গঠন করা হয়। এই কমিটি আগামী ৩দিনের মধ্যে উপজেলা কর্মকর্তার কাছে চূড়ান্ত প্রতিবেদন জমা দিবে।
চত্বীপাশা সরকারি উচ্চ বিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিষয়ের পরীক্ষার্থীরা অভিযোগ করে জানান, রবিবার এসএসসি পরীক্ষায় নান্দাইল পাইলট বাসিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে অংশ নেয়া চত্বীপাশা সরকারি উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীদের উত্তরপত্র ১০ মিনিট আগে টেনে নিয়ে যায় দায়িত্বরত পরিদর্শকরা। এ ঘটনায় পরীক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে

চত্বীপাশা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নাজির উদ্দিন আহম্মদের কাছে ডালা লাগিয়ে তাকে প্রায় ১ ঘণ্টা আটকে রাখেন। বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আব্দুল হামিদ মিয়া ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বন্দুকার জাহিদুল ইসলাম পুলিশ সদস্য নিয়ে ঘটনাস্থল গিয়ে প্রধান শিক্ষককে উদ্ধার করেন। ঘটনাটি নিয়ে অভিভাবক মহলে ব্যাপক জোলপাড় শুরু হয়।

পরিক্ষার্থী আশরাফুল ভূষার, এতেশামুল হক, মাজহারুল হক ও জহিরুল ইসলাম অভিযোগ করে জানান, সতর্ক করার জন্য পরীক্ষা কেন্দ্রে তখন কোন ঘণ্টা বাজানো হয়নি। এ কারণে তারা অনেক প্রহর উত্তরের বৃত্ত ভরাট করতে পারেনি। নান্দাইল পাইলট বাসিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক বলেন, 'বোরবারের এসএসসি পরীক্ষায় পদার্থ বিষয়ে সময় হচ্ছে ৩৫ মিনিট, ব্যবসা পরিচিতি বিষয়ে সময় ৪০ মিনিট, ব্যবসা পরিচিতি পুরাতন বিষয়ে ৫০ মিনিট। ফলে পদার্থ বিষয়ে পরীক্ষার্থী যদি ব্যবসা পরিচিতি বিষয়ে পরীক্ষার্থীর মতো সময় চায় তা কেমন করে দেয়া হবে। প্রথমতে উল্লিখিত সময়ের মধ্যেই পরীক্ষার উত্তরপত্র নেয়া হয়েছে।